



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩০ অক্টোবর ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে তিন ইউপিডিএফ কর্মীকে হত্যার নিন্দা ও প্রতিবাদ বৃহস্পতিবার খাগড়াছড়ি জেলায় সকাল-সন্ধ্যা সড়ক অবরোধ

খাগড়াছড়ির পানছড়িতে ফ্যাসিস্ট হাসিনার আমলে সৃষ্ট সেনা-মদদপুষ্ট ঠ্যাঙাড়ে নব্য মুখোশ বাহিনী কর্তৃক তিন ইউপিডিএফ কর্মীকে হত্যার প্রতিবাদে এবং খুনীদের গ্রেফতার-শাস্তি ও ঠ্যাঙাড়ে বাহিনী ভেঙে দেয়ার দাবিতে আগামীকাল বৃহস্পতিবার (৩১ অক্টোবর ২০২৪) খাগড়াছড়ি জেলায় সকাল-সন্ধ্যা সড়ক অবরোধ কর্মসূচি ঘোষণা করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বুধবার (৩০ অক্টোবর) ইউপিডিএফের খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা উক্ত কর্মসূচির ঘোষণা দিয়ে বলেন, আজ সকাল ১০টার দিকে হাসিনার আমলে সৃষ্ট সেনা মদদপুষ্ট ঠ্যাঙাড়ে নব্যমুখোশ বাহিনীর একদল সশস্ত্র সন্ত্রাসী খাগড়াছড়ির পানছড়ি উপজেলার লতিবান ইউনিয়নের শান্তি রঞ্জন পাড়ায় ইউপিডিএফ কর্মীদের ওপর সন্ত্রাসী হামলা চালায়। এতে ইউপিডিএফের তিন জন কর্মী (সিজন চাকমা, শাসন ত্রিপুরা ও জয়েন চাকমা) ঘটনাস্থলে নিহত হন।

বিবৃতিতে তিনি এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে আরো বলেন, পার্বত্য চট্টগ্রামে ঠ্যাঙাড়ে নব্যমুখোশ সন্ত্রাসীদের এখনো হাসিনা সরকারের নিয়োজিত সেনা কর্মকর্তারা মদদ দিয়ে যাচ্ছেন। সেনাবাহিনীর মদদে সন্ত্রাসীরা আরো বেপরোয়া হয়ে ইউপিডিএফ নেতা-কর্মী হত্যায় মেতে উঠেছে। এর আগে গত বছর এই সন্ত্রাসীরা পানছড়ির পুজগাঙে বিপুল চাকমাসহ চার জনকে হত্যা করলেও তাদের বিরুদ্ধে সরকার-প্রশাসন কোন পদক্ষেপ গ্রহণ করেনি।

বিবৃতিতে অংগ্য মারমা বলেন, গত ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে ফ্যাসিস্ট হাসিনার পতন হলেও পার্বত্য চট্টগ্রামে হাসিনার আমলে সৃষ্ট ঠ্যাঙাড়ে নব্যমুখোশ বাহিনীর সন্ত্রাসীদের বিরুদ্ধে কোন পদক্ষেপ যেমন নেওয়া হয়নি একইভাবে প্রত্যাহার করা হয়নি হাসিনার আমলে খুন-গুমে জড়িত সেনা কর্মকর্তাদেরও। ফলে তারা আবারো একই খুন-খারাবির নেশায় মেতে উঠেছে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে পানছড়িতে তিন ইউপিডিএফ কর্মীকে হত্যার সাথে জড়িত নব্যমুখোশ সন্ত্রাসীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি, হাসিনার আমলে নিয়োজিত ও মানবাধিকার লঙ্ঘনে জড়িত সেনা কর্মকর্তাদের প্রত্যাহারের দাবি জানান।

অংগ্য মারমা আগামীকাল খাগড়াছড়ি জেলায় ঘোষিত সকাল-সন্ধ্যা সড়ক অবরোধ কর্মসূচি সফল করতে জেলার সকল যানবাহন মালিক-শ্রমিক সহ সর্বস্তরের জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)